

অষ্ট্রেলিয়ায় ভয়াবহ দাবানলে ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়ালেন
ক্যাম্বেলটাউন বাংলা স্কুল ও
অষ্ট্রেলিয়া মুসলিম ওয়েলফেয়ার সেন্টার

সম্প্রতি অষ্ট্রেলিয়ার ইতিহাসে ভয়াবহ দাবানল হয়ে গেছে ভিক্টোরিয়া রাজ্যের বিভিন্ন স্থানে। এ দাবানলে প্রায় দু'শতাধিক প্রানহানি সহ ধ্বংস হয়েছে সহস্রাধিক বাড়িঘর। বুশ ফায়ারে নিহত ও আহত মানুষের পাশে দাঁড়িয়েছে অষ্ট্রেলিয়ার সরকার, প্রাদেশিক সরকার সহ সব প্রান্তে বসবাসকারী সকল কমিউনিটির সদস্যরা। আচমকা এ প্রাকৃতিক দুর্যোগে অসহায় মানুষের পাশে দাঁড়াতে পিছ পায়নি অষ্ট্রেলিয়াস্থ বাংলাদেশের বিভিন্ন সংগঠনগুলি। অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার ও ক্যাম্বেলটাউন বাংলা স্কুল বুশ ফায়ারে ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়ানোর যৌথ সিদ্ধান্ত নেয়। ড. নিজাম উদ্দিনকে কোঅর্ডিনেটর করে ক্যাম্বেলটাউনস্থ বসবাসকারী বাংলাদেশী কমিউনিটির সদস্যদের নিকট হতে সাহায্য তোলা হয়। অত্র এলাকার কমিউনিটির কাছ থেকে ব্যাপক সাড়া পাওয়া গিয়েছে এবং সংগৃহীত হয় অষ্ট্রেলিয়ান ডলার ১৯৫০.০০। সম্প্রতি এক অনুষ্ঠানের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে ১৯৫০ ডলারের চেক হস্তান্তর করা হয়। মিনিউ এলাকার গ্রানজি পাবলিক স্কুলস্থ Campbelltown Bangla School এ অষ্ট্রেলিয়া ফেডারেল পার্লামেন্টের এম.পি ও হুইপ Mr. Chris Hayes এর নিকট বুশ ফায়ারে ক্ষতিগ্রস্তদের জন্য ১৯৫০ ডলারের একটি চেক হস্তান্তর করা হয়। চেক হস্তান্তর করেন অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের সিনিয়র সহ সভাপতি ড. মোশারফ চৌধুরী, ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের সভাপতি জনাব মোসলেম উদ্দিন মিঞা এবং কোঅর্ডিনেটর ড. নিজাম উদ্দিন। সংক্ষিপ্ত চেক হস্তান্তর অনুষ্ঠানটির পরিচালনা করেন কমিউনিটি ওয়ার্কার মাসুদ চৌধুরী জে.পি। সংক্ষিপ্ত ভাষনে Mr. Chris Hayes দুর্যোগ মর্ন্তুতে বুশ ফায়ারে ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়ানোর জন্য বাংলাদেশী কমিউনিটিকে বিশেষ কৃতজ্ঞতা প্রকাশ করেন। অনুষ্ঠানে সকল বাংলাদেশী কমিউনিটির সদস্যদের সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জানান কোঅর্ডিনেটর ড. নিজাম উদ্দিন। চেক হস্তান্তর উপলক্ষে বিশেষ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সর্বজনাব ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের প্রাক্তন সভাপতি আবদুল জলিল, গোলাম মওলা, ড. খায়রুল চৌধুরী, ডাঃ. বজলু, সফিকুর রহমান, আখতারুল ইসলাম, নাসরিন মোফাজ্জল, মিসেস সোমা সাহাদত,

স্কুলের প্রিন্সিপাল রোকেয়া আহমদ, মিসেস জিনাত চৌধুরী, নুর উল হুদা, ড. হায়দার আলী, মঞ্জু তালুকদার, অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের সহ সভাপতি শাহ আলম সৈয়দ, অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের কার্যকরি কমিটির সদস্য ডা: তোজাম্মেল হোসেন, মোফাজ্জল হোসেন ভুইয়া, সহ প্রমুখ।

